দৈনিক সংবাদ

২৫

তারিখ 2 6 AUG 1996
পৃষ্ঠা ১ কলাম ৩

# দু'একদিনের মধ্যেই ঢাকা বিশ্ববিদ্যালয়ে নয়া উপাচার্য নিয়োগ করা হবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদের পদত্যাগপত্র গত-কাল রোববার শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হয়েছে বলে

ঢাকা ঃ পৃঃ ৭ কঃ ৫

## ঢাকা ঃ বিশ্ববিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

একটি সূত্রে জানা গেছে। প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও বাংলাদেশের রাষ্ট্রপতি এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবেন বলে জানা গেছে।

একটি সূত্রমতে, আজ সোমবার বা আগামীকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য নিয়োগ করা হবে। সূত্রমতে, ফার্মেসি অনুষদের ডিন ও সিন্ডিকেট সদস্য ডঃ একে আজাদ চৌধুরী কিংবা ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সিন্ডিকেট সদস্য অধ্যাপক ডঃ এটিএম জহুরুল হকের মধ্যে থেকে একজনকে নতুন উপাচার্য পদে নিয়াগ্ করা হতে পারে।